Question 1 Correct

UNFPA রিপোর্ট-২০২৪ অনুসারে জনসংখ্যায় বিশ্বে বাংলাদেশের অবস্থান কত?

A ৭ম

B ৮ম ✔

C ৬ষ্ঠ

D ৯ম

| A 4% | B 96% | C 0% | D 0% |
| --- | --- | --- | --- |

**Solution:**

জাতিসংঘ জনসংখ্যা তহবিল (UNFPA) প্রতিবছরের মতো ২০২৪ সালেও বিশ্ব জনসংখ্যা প্রতিবেদন প্রকাশ করে।

- জনসংখ্যায় বিশ্বের বৃহত্তম দেশ: ভারত।
- জনসংখ্যায় বিশ্বে বাংলাদেশের অবস্থান: অষ্টম।

Question 2 Incorrect

‘পাঙন’ উপজাতিরা কোথায় বসবাস করে?

A শেরপুর

B মৌলভীবাজার ✔

C সিলেট

D বান্দরবান

| A 0% | B 48% | C 48% | D 4% |
|---|---|---|---|

**Solution:**

বাংলাদেশে বর্তমানে ৫০টি নৃ-গোষ্ঠী বসবাস করে। এর মধ্যে একমাত্র পাঙন উপজাতিই ধর্মীয়ভাবে মুসলমান। পাঙন উপজাতিরা মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলায় বসবাস করে। এরা পারিবারিকভাবে পিতৃতান্ত্রিক। বাংলাদেশ ছাড়া ভারতের মণিপুর, আসাম ও ত্রিপুরাতেও অধিকসংখ্যক পাঙন জনসাধারণ বসবাস করছে।

Question 3 Correct

‘সাংগ্রাই’ কোন সম্প্রদায়ের প্রধান উৎসব?

(A) ত্রিপুরা

(B) চাকমা

(C) মারমা ✔

(D) সাঁওতাল

A 0% B 11% C 64% D 29%

**Solution:**

মারমা নৃ-গোষ্ঠী বহু পূর্বে ‘মগ’ নামে পরিচিত ছিল। ১৯৬১ সালে আদমশুমারির সময় মগ নাম থেকে মারমা নাম ধারণ করে। সাংগ্রাই, ওয়াগ্যই বা প্রবারণা পূর্ণিমা এ জাতিগোষ্ঠীর প্রধান উৎসব। ‘মারমা’ উপজাতিরা চিম্বুক পাহাড়ের পাদদেশে বসবাস করে।

Question 3 Correct

‘সাংগ্রাই’ কোন সম্প্রদায়ের প্রধান উৎসব?

A ত্রিপুরা

B চাকমা

C মারমা ✔

D সাঁওতাল

| A | B | C | D |
|---|---|---|---|
| 0% | 11% | 64% | 29% |

**Solution:**

মারমা নৃ-গোষ্ঠী বহু পূর্বে ‘মগ’ নামে পরিচিত ছিল। ১৯৬১ সালে আদমশুমারির সময় মগ নাম থেকে মারমা নাম ধারণ করে। সাংগ্রাই, ওয়াগ্যই বা প্রবারণা পূর্ণিমা এ জাতিগোষ্ঠীর প্রধান উৎসব। ‘মারমা’ উপজাতিরা চিম্বুক পাহাড়ের পাদদেশে বসবাস করে।

Question 4 Correct

‘রাখাইন সাংস্কৃতিক ইনস্টিটিউট’ কোন জেলায় অবস্থিত?

(A) খাগড়াছড়ি

(B) বান্দরবান

(C) কক্সবাজার ✔

(D) রাঙ্গামাটি

A 8% B 0% C 84% D 8%

**Solution:**

| নাম | অবস্থান |
|---|---|
| ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট | রাঙ্গামাটি |
| ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট | বান্দরবান |
| ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট | খাগড়াছড়ি |
| রাখাইন সাংস্কৃতিক ইনস্টিটিউট | রামু, কক্সবাজার |

Question 4 Correct

‘রাখাইন সাংস্কৃতিক ইনস্টিটিউট’ কোন জেলায় অবস্থিত?

A খাগড়াছড়ি

B বান্দরবান

C কক্সবাজার ✓

D রাঙ্গামাটি

A 8% B 0% C 84% D 8%

**Solution:**

| নাম | অবস্থান |
|---|---|
| ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট | রাঙ্গামাটি |
| ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট | বান্দরবান |
| ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট | খাগড়াছড়ি |
| রাখাইন সাংস্কৃতিক ইনস্টিটিউট | রামু, কক্সবাজার |

Question 5 Skippe

‘হাজং’ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোন ধর্মের অনুসারী?

A সনাতন ✔

B বৈষ্ণব

C খ্রিষ্টান

D বৌদ্ধ

A 73% B 12% C 4% D 12%

**Solution:**

| ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | অবস্থান | ভাষা | ধর্ম |
|---|---|---|---|
| হাজং | শেরপুর, ময়মনসিংহ, সিলেট, নেত্রকোণা | হাজং | সনাতন |

Question 6 Skipped

বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা- ২০২৪ অনুযায়ী স্থূল মৃত্যুহার কত?

A ৫.১ জন (হাজারে)

B ৪.২ জন (হাজারে)

C ৬.১ জন (হাজারে) ✔

D ৪.৯ জন (হাজারে)

A 8% B 23% C 62% D 8%

**Solution:**

অর্থনৈতিক সমীক্ষা ২০২৪ অনুসারে, বাংলাদেশের স্থূল জন্মহার ১৯.৪ জন (প্রতি হাজারে) এবং স্থূল মৃত্যুহার ৬.১ জন (প্রতি হাজারে)।

Question 7 Correct

## বাংলাদেশের বিখ্যাত মণিপুরী নাচ কোন অঞ্চলের?

A সিলেট ✔

B রাজশাহী

C চট্টগ্রাম

D খুলনা

A 100% B 0% C 0% D 0%

**Solution:**

মণিপুরী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আদি নিবাস ভারতের মণিপুর রাজ্যে। বাংলাদেশের মণিপুরীরা তিনটি শাখায় বিভক্ত এবং স্থানীয়ভাবে তারা (১) মণিপুরী বা মৈতৈ; (২) মণিপুরী মুসলমান বা পাঙন বা পাঙ্গান ও (৩) মণিপুরী বিষ্ণুপ্রিয়া বা বিষ্ণুপুরিয়া নামে পরিচিত। মণিপুরী সংস্কৃতির উজ্জ্বলতম দিক হলো মণিপুরী নৃত্য। 'মণিপুরী নাচ' সিলেট অঞ্চলে বিখ্যাত।

Question 7 Correct

বাংলাদেশের বিখ্যাত মণিপুরী নাচ কোন অঞ্চলের?

A সিলেট ✓

B রাজশাহী

C চট্টগ্রাম

D খুলনা

| A 100% | B 0% | C 0% | D 0% |
| --- | --- | --- | --- |

**Solution:**

মণিপুরী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আদি নিবাস ভারতের মণিপুর রাজ্যে। বাংলাদেশের মণিপুরীরা তিনটি শাখায় বিভক্ত এবং স্থানীয়ভাবে তারা (১) মণিপুরী বা মৈতৈ; (২) মণিপুরী মুসলমান বা পাঙন বা পাঙ্গান ও (৩) মণিপুরী বিষ্ণুপ্রিয়া বা বিষ্ণুপুরিয়া নামে পরিচিত। মণিপুরী সংস্কৃতির উজ্জ্বলতম দিক হলো মণিপুরী নৃত্য। 'মণিপুরী নাচ' সিলেট অঞ্চলে বিখ্যাত।

Question 8

Correct

পার্বত্য চট্টগ্রামে উপজাতীয় গোষ্ঠীগুলো কোন বিশেষ পদ্ধতিতে চাষাবাদ করে?

A জুম ✔

B ঝুর

C কুর

D রুম

| A 100% | B 0% | C 0% | D 0% |
|---|---|---|---|

**Solution:**

পার্বত্য চট্টগ্রামে উপজাতীয় গোষ্ঠীগুলো জুম পদ্ধতিতে চাষাবাদ করে। এটি মূলত জঙ্গল কেটে পুড়িয়ে চাষ করা হয়, আবার সেই স্থানে জমির উর্বরতা কমে গেলে পূর্বের স্থান হতে কৃষি জমি স্থানান্তরিত করে অন্যত্র কৃষি জমি গড়ে উঠে। পাহাড়ের ঢালে এই পদ্ধতিতে চাষাবাদ করা হয়।

Question 9 Correct

অর্থনৈতিক সমীক্ষা ২০২৪ অনুসারে, বাংলাদেশের জনসংখ্যার ঘনত্ব (প্রতি বর্গ কি.মি) কত?

A ১০৩৪ জন

B ১১২৫ জন

C ১১৭১ জন ✔

D ১১৪০ জন

A 0% B 14% C 77% D 9%

**Solution:**

অর্থনৈতিক সমীক্ষা ২০২৪ অনুসারে, বাংলাদেশের জনসংখ্যার ঘনত্ব ১১৭১ জন (প্রতি বর্গ কি.মি)। ষষ্ঠ জনশুমারি ও গৃহগণনা রিপোর্ট ২০২২ (১৫-২১ জুন) অনুসারে, বাংলাদেশের জনসংখ্যার ঘনত্ব ১১১৯ জন (প্রতি বর্গ কি.মি)।

Question 9 Correct

অর্থনৈতিক সমীক্ষা ২০২৪ অনুসারে, বাংলাদেশের জনসংখ্যার ঘনত্ব (প্রতি বর্গ কি.মি) কত?

A ১০৩৪ জন

B ১১২৫ জন

C ১১৭১ জন ✔

D ১১৪০ জন

A 0% B 14% C 77% D 9%

**Solution:**

অর্থনৈতিক সমীক্ষা ২০২৪ অনুসারে, বাংলাদেশের জনসংখ্যার ঘনত্ব ১১৭১ জন (প্রতি বর্গ কি.মি)। ষষ্ঠ জনশুমারি ও গৃহগণনা রিপোর্ট ২০২২ (১৫-২১ জুন) অনুসারে, বাংলাদেশের জনসংখ্যার ঘনত্ব ১১১৯ জন (প্রতি বর্গ কি.মি)।

বাংলাদেশের উপজাতীয় ভাষার সংখ্যা কতটি?

A ৩১টি

B ৩০টি

C ৩৩টি

D ৩২টি ✔

A 6% B 12% C 6% D 75%

**Solution:**

- বাংলাদেশের উপজাতীয় ভাষার সংখ্যা- ৩২টি।
- প্রকৃতি পূজারি উপজাতি- মুণ্ডা ও রাজবংশী।
- একমাত্র জড়োপাসক উপজাতি- ওরাওঁ।
- বৈষ্ণব ধর্ম বিশ্বাসী উপজাতি- ডালু ও মণিপুরী।

Question 11 Correct

স্বাধীন বাংলাদেশে প্রথম আদমশুমারি কবে অনুষ্ঠিত হয়?

A ১৯৭৩ সালে

B ১৯৭৪ সালে ✔

C ১৯৭৫ সালে

D ১৯৭৬ সালে

A 0% B 100% C 0% D 0%

**Solution:**

১৮৭২ সালে ভারতীয় উপমহাদেশে সর্বপ্রথম লর্ড মেয়ো এর অধীনে আদমশুমারি হয়। ১৯৫১ সালে পাকিস্তান আমলে বাংলায় প্রথম আদমশুমারি হয়। ১৯৭৪ সালে স্বাধীন বাংলাদেশে প্রথম আদমশুমারি হয়।

Question 12 Correct

কোন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর লোকেরা বাড়িতে অতিথি এলে পান সুপারি ও চা দিয়ে আপ্যায়ন করে?

A খাসিয়া ✔

B গারো

C ওরাওঁ

D ত্রিপুরা

| A 80% | B 13% | C 3% | D 3% |
| --- | --- | --- | --- |

**Solution:**

বাংলাদেশের সিলেট, মৌলভীবাজার, শ্রীমঙ্গল, হবিগঞ্জ জেলায় বসবাসকারী খাসিয়া উপজাতিরা পান-সুপারিকে পবিত্র মনে করে। কোনো অতিথি বাড়িতে বেড়াতে এলে তারা তাই পান-সুপরি ও চা দিয়ে আপ্যায়ন করে থাকে।

Question 13 Incorrect

‘BANBEIS’ এর পূর্ণরূপ কোনটি?

(A) Bangladesh Bureau of Education, Information and Statistics

(B) Bangladesh Bureau of Educational Information and Statistics ✓

(C) Bangladesh Bureau of Educative and Information Statistics

(D) Bangladesh Board of Educational and Information and Statistics

| A 38% | B 67% | C 0% | D 0% |
|---|---|---|---|

**Solution:**

BANBEIS (Bangladesh Bureau of Educational Information and Statistics). এটি অবস্থিত নীলক্ষেত, ঢাকা।

Question 14 Correct

বাংলাদেশে কত বছর পর পর জনশুমারি ও গৃহগণনা অনুষ্ঠিত হয়?

(A) ৭ বছর

(B) ৫ বছর

(C) ১১ বছর

(D) ১০ বছর ✔

| A 0% | B 3% | C 7% | D 90% |
|---|---|---|---|

**Solution:**

বাংলাদেশে আদমশুমারি অনুষ্ঠিত হয় ১০ বছর পর পর। স্বাধীনতার পর বাংলাদেশে প্রথম আদমশুমারি অনুষ্ঠিত হয় ১৯৭৪ সালে। পঞ্চম আদমশুমারি ও গৃহগণনা অনুষ্ঠিত হয় ১৫-১৯ মার্চ ২০১১ এবং পরবর্তী ৬ষ্ঠ জনশুমারি হয় ১৫-২১ জুন ২০২২ সালে।

Question 15 Correct

## ষষ্ঠ জনশুমারি ও গৃহগণনা ২০২২ অনুযায়ী জনসংখ্যায় বৃহত্তম উপজেলা কোনটি?

A. সাভার ✓

B. গাজীপুর সদর

C. শ্যামনগর

D. বগুড়া সদর

A 38% B 42% C 15% D 4%

**Solution:**

ষষ্ঠ জনশুমারি ও গৃহগণনা ২০২২ অনুযায়ী জনসংখ্যায় বৃহত্তম উপজেলা সাভার। আর জনসংখ্যায় ক্ষুদ্রতম উপজেলা থানচি (বান্দরবান)।

Question 16 Correct

অর্থনৈতিক সমীক্ষা ২০২৪ অনুযায়ী বাংলাদেশে সাক্ষরতার হার কত?

A ৭৭.৯% ✔

B ৭৯.৮%

C ৭৮.১%

D ৭৮.৬%

A 47% B 11% C 16% D 26%

**Solution:**

অর্থনৈতিক সমীক্ষা ২০২৪ অনুযায়ী বাংলাদেশে সাক্ষরতার হার ৭৭.৯%। পুরুষের সাক্ষরতার হার ৮০.১% এবং নারীর সাক্ষরতার হার ৭৫.৮%। বাংলাদেশের মোট নিরক্ষরমুক্ত জেলা ৭টি। প্রথম নিরক্ষরমুক্ত জেলা মাগুরা ও সর্বশেষ সিরাজগঞ্জ।

Question 17 Skipped

অর্থনৈতিক সমীক্ষা-২০২৪ অনুযায়ী তৃণমূল পর্যায়ে স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে কয়টি কমিউনিটি ক্লিনিক চালু রয়েছে?

A ১৪, ১৪১টি

B ১৪, ২৭৫টি ✓

C ১৩, ৮৮১টি

D ১৩, ১৩৬টি

A 13% B 73% C 7% D 7%

**Solution:**

অর্থনৈতিক সমীক্ষা-২০২৪ অনুযায়ী তৃণমূল পর্যায়ে স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে ১৪,২৭৫ টি কমিউনিটি ক্লিনিক চালু রয়েছে।

Question 18 Skipped

বাংলাদেশকে জলবসন্ত মুক্ত এলাকা হিসেবে ঘোষণা করা হয় কোন সালে?

A ১৯৭৫

B ১৯৭৭ ✔

C ১৯৯১

D ১৯৮২

A 0% B 67% C 27% D 7%

**Solution:**

বাংলাদেশকে জলবসন্ত মুক্ত এলাকা হিসেবে ঘোষণা করা হয় ১৯৭৭ সালে। বাংলাদেশকে পোলিও মুক্ত ঘোষণা করা হয় ২০১৪ সালে।

Question 19 Correct

অর্থনৈতিক সমীক্ষা ২০২৪ অনুযায়ী বাংলাদেশিদের গড় আয়ু কত বছর?

Question 19 Correct

অর্থনৈতিক সমীক্ষা ২০২৪ অনুযায়ী বাংলাদেশিদের গড় আয়ু কত বছর?

A ৭২.৩ বছর ✔

B ৭০.২ বছর

C ৬৭.৫ বছর

D ৬৫.৪ বছর

A 89% B 7% C 4% D 0%

**Solution:**

| প্রত্যাশিত গড় আয়ু (অর্থনৈতিক সমীক্ষা ২০২৪) | |
|---|---|
| উভয় | ৭২.৩ বছর |
| পুরুষ | ৭০.৮ বছর |
| মহিলা | ৭৩.৮ বছর |

Question 20 Correct

নিচের কোন জেলায় 'সাঁওতাল' ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর বসতি নেই?

Question 20 Correct

নিচের কোন জেলায় 'সাঁওতাল' ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর বসতি নেই?

A. কুষ্টিয়া ✔

B. রাজশাহী

C. বগুড়া

D. রংপুর

A 93% B 4% C 0% D 4%

**Solution:**

| ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | অবস্থান | ভাষা |
|---|---|---|
| সাঁওতাল | রাজশাহী, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, জয়পুরহাট, রংপুর, দিনাজপুর | সাঁওতালী |

Question 21 Incorrect

কোন প্রতিষ্ঠান প্রাথমিক শিক্ষকদের নিয়োগ প্রদান করে থাকে?

Question 21 Incorrect

কোন প্রতিষ্ঠান প্রাথমিক শিক্ষকদের নিয়োগ প্রদান করে থাকে?

(A) BANBEIS

(B) NAEM

(C) DPE ✔

(D) NAPE

| A 10% | B 35% | C 35% | D 20% |
| --- | --- | --- | --- |

**Solution:**

DPE (Directorate of Primary Education) প্রাথমিক শিক্ষকদের নিয়োগ প্রদান করে এবং প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে দায়িত্ব পালন করে। এর প্রধান কর্মকর্তা- মহাপরিচালক।

Question 22 Correct

প্রতি বছর কোন তারিখে বাংলাদেশের জাতীয় জনসংখ্যা দিবস উদ্‌যাপন করা হয়?

A ২ ফেব্রুয়ারি ✔

B ২১ ফেব্রুয়ারি

C ৮ মার্চ

D ১ মে

A 86% B 0% C 11% D 4%

**Solution:**

২ ফেব্রুয়ারি → জাতীয় জনসংখ্যা দিবস।
৮ মার্চ → আন্তর্জাতিক নারী দিবস।
১ মে → আন্তর্জাতিক শ্রমিক দিবস।
২১ ফেব্রুয়ারি → আন্তর্জাতিক মাতৃভাষা দিবস।

‘গারো’ সম্প্রদায়ের প্রধান দেবতার নাম কী?

A সালজং

B তাতারা রাবুগা ✔

C ককবরক

D সাংসারেক

A 15% B 48% C 11% D 26%

**Solution:**

‘গারো’ সম্প্রদায়ের আদি ধর্মের নাম ‘সাংসারেক’। এদের প্রধান দেবতার নাম ‘তাতারা রাবুগা’। গারোরা পুরোহিতকে কামাল বলে। সালজং (Saljong) তাদের উর্বরতার দেবতা।

‘বিজু’ উৎসব কোন উপজাতি সম্প্রদায় উদযাপন করে?

A মারমা

B রাখাইন

C গারো

D চাকমা ✔

| A | B | C | D |
|---|---|---|---|
| 10% | 3% | 0% | 87% |

**Solution:**

‘বিজু’ উৎসব চাকমা উপজাতি সম্প্রদায় উদ্‌যাপন করে। ‘সাংগ্রাং’ উৎসব রাখাইন উপজাতি সম্প্রদায় উদ্‌যাপন করে। ‘ওয়ানগালা’ হচ্ছে গারো সম্প্রদায়ের একটি নবান্ন উৎসব। অন্যদিকে ‘সাংগ্রাই’ মারমাদের বর্ষবরণ উৎসব।

Question 25 Correct

চাকমা জনগোষ্ঠীর লোকসংখ্যা সর্বাধিক-

A রাঙ্গামাটি জেলায় ✔

B নেত্রকোণা জেলায়

C বান্দরবান জেলায়

D সিলেট জেলায়

A 97% B 0% C 0% D 3%

**Solution:**

বাংলাদেশের রাঙ্গামাটি ও খাগড়াছড়িতে চাকমা জনগোষ্ঠীর সংখ্যা বেশি। তবে বান্দরবানেও সংখ্যায় চাকমাদের উপস্থিতি রয়েছে। চাকমা জনগোষ্ঠীর কিছু অংশ বর্তমান ভারতের উত্তর-পূর্বাংশে তথা ত্রিপুরা ও অরুণাচল রাজ্যে বসবাস করছে।

Question 26 Correct

নিপোর্ট (NIPORT) কি ধরনের গবেষণা প্রতিষ্ঠান?

A নদী গবেষণা

B শিক্ষা গবেষণা

C জনসংখ্যা গবেষণা ✔

D বন্দর গবেষণা

| A 0% | B 0% | C 100% | D 0% |
|---|---|---|---|

**Solution:**

বাংলাদেশের জনসংখ্যা বিষয়ক প্রতিষ্ঠান:
১. নিপোর্ট (NIPORT): National Institute of Population Research & Training; এটি ১৯৭৭ সালে প্রতিষ্ঠিত হয়।
২. এনপিসি (NPC): National Population Council (জাতীয় জনসংখ্যা পরিষদ) ।

Question 27 Correct

## কোন উপজাতিটির আবাসস্থল 'বিরিশিরি' নেত্রকোণায়?

- A খাসিয়া
- B সাঁওতাল
- C মুরং
- D গারো ✔

A 8% B 8% C 0% D 85%

**Solution:**

| ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | অবস্থান | ধর্ম | ভাষা | উৎসব |
|---|---|---|---|---|
| গারো | ময়মনসিংহ, শেরপুর, নেত্রকোণা, টাঙ্গাইল ও জামালপুর | খ্রিষ্টান | মান্দি খুসিক, আচিক খুসিক | ওয়ানগালা |

Question 27

Correct

কোন উপজাতিটির আবাসস্থল 'বিরিশিরি' নেত্রকোণায়?

A খাসিয়া

B সাঁওতাল

C মুরং

D গারো ✔

A 8% B 8% C 0% D 85%

**Solution:**

| ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | অবস্থান | ধর্ম | ভাষা | উৎসব |
|---|---|---|---|---|
| গারো | ময়মনসিংহ, শেরপুর, নেত্রকোণা, টাঙ্গাইল ও জামালপুর | খ্রিষ্টান | মান্দি খুসিক, আচিক খুসিক | ওয়ানগালা |

Question 28 Correct

নৃ-তাত্ত্বিক গবেষকদের মতে নিচের কোন গোষ্ঠী উপমহাদেশের আদি বাসিন্দা?

A মনিপুরি

B চাকমা

C মারমা

D সাঁওতাল ✔

A 10% B 40% C 10% D 40%

**Solution:**

সমতলে বসবাসকারী সবচেয়ে বড় উপজাতি গোষ্ঠী হলো সাঁওতাল। এদের ধর্ম সনাতন ও খ্রিষ্টান। বাংলাদেশের রাজশাহী, নাটোর, নওগাঁ, রংপুর, দিনাজপুর, ঠাকুরগাঁ, পঞ্চগড় এলাকায় এদের বসবাস। নৃ-তাত্ত্বিক গবেষকদের মতে সাঁওতাল উপজাতি উপমহাদেশের আদি বাসিন্দা।

Question 28

Correct

নৃ-তাত্ত্বিক গবেষকদের মতে নিচের কোন গোষ্ঠী উপমহাদেশের আদি বাসিন্দা?

A মনিপুরি

B চাকমা

C মারমা

D সাঁওতাল ✔

| A 10% | B 40% | C 10% | D 40% |
|---|---|---|---|

**Solution:**

সমতলে বসবাসকারী সবচেয়ে বড় উপজাতি গোষ্ঠী হলো সাঁওতাল। এদের ধর্ম সনাতন ও খ্রিষ্টান। বাংলাদেশের রাজশাহী, নাটোর, নওগাঁ, রংপুর, দিনাজপুর, ঠাকুরগাঁ, পঞ্চগড় এলাকায় এদের বসবাস। নৃ-তাত্ত্বিক গবেষকদের মতে সাঁওতাল উপজাতি উপমহাদেশের আদি বাসিন্দা।

উত্তরণ

Question 29 Correct

উপমহাদেশে কোন ব্রিটিশ লর্ডের অধীনে প্রথম আদমশুমারি হয়?

A লর্ড আর্থার

B লর্ড ক্যানিং

C লর্ড ক্লাইভ

D লর্ড মেয়ো ✔

A 0% B 3% C 0% D 97%

**Solution:**

১৮৭২ সালে ভারতীয় উপমহাদেশে সর্বপ্রথম লর্ড মেয়ো এর অধীনে আদমশুমারি হয়। ১৯৫১ সালে পাকিস্তান আমলে বাংলায় প্রথম আদমশুমারি হয়। ১৯৭৪ সালে স্বাধীন বাংলাদেশে প্রথম আদমশুমারি হয়।

Question 30 Correct

কোন উপজাতি গোষ্ঠীর পারিবারিক কাঠামো মাতৃতান্ত্রিক?

A চাকমা

B গারো ✔

C ত্রিপুরা

D মারমা

| A 0% | B 90% | C 0% | D 10% |
|---|---|---|---|

**Solution:**

বাংলাদেশে বর্তমানে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংখ্যা ৫০টি। এদের মধ্যে গারো ও খাসিয়া উপজাতির পারিবারিক কাঠামো মাতৃতান্ত্রিক। বাকি সকল উপজাতির পারিবারিক কাঠামো পিতৃতান্ত্রিক।